ভবানীগঞ্জ পৌরসভা কার্যালয়
বাগমারা, রাজশাহী
স্থাপিত : ২০০০ ইং
www.bhawanigonjpaurashava.org

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ঃ- ৪৬.৪৩.৮১১২.০২৫.০৩.০০১.২১- ৩৬২ তারিখ ঃ ২৭-০৮-২০২৩ খ্রিঃ

# পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার ০৫-১২-২০২২ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৩.২২-১৬৩০ এবং ০৩-০৭-২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৩.২২-১০১২ নম্বর স্মারকে প্রদত্ত মেয়াদ বৃদ্ধির ছাড়পত্রের আলোকে ভবানীগঞ্জ পৌরসভায় নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বর্নিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে লিখিত আবেদন আহবান করা যাইতেছে। নির্ধারিত আবেদন ফরম ও লিখিত পরীক্ষার প্রবেশপত্র ফরম পৌরসভার ওয়েব সাইটে (www.bhawanigonjpaurashava.org) পাওয়া যাইবে । এখানে উল্লেখ্য যে, ভবানীগঞ্জ পৌরসভা কর্তৃক ৩০-০১-২০২৩ খ্রিঃ তারিখের ৪৬.৪৩.৮১১২.০২৫.০৩.০০১.২১-২৮ নং স্মারকমুলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে ইতিপূর্বে উল্লেখিত পদগুলোতে যারা আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। নিম্নে উল্লেখিত পদগুলোতে আবেদনকারী সংখ্যা পর্যাপ্ত না থাকায় শুধুমাত্র উক্ত পদে পুনরায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

| ক্রমিক নং | পদের নাম | জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতনস্কেল | পদের সংখ্যা | বয়স | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১। | ট্রাক চালক | (গ্রেড-১৬) বেতন স্কেল ৯৩০০-২২৪৯০ | ০১(এক) টি | ১৮-৩০ বছর | ৮ম শ্রেণী পাস সহ যানবাহন চালকের বৈধ লাইসেন্স এবং সংশ্লিষ্ট বিষয়ে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০২। | স্যানেটারী ইন্সপেক্টর | (গ্রেড-১৩) বেতন স্কেল ১১০০০-২৬৫৯০ | ০১(এক) টি | ১৮-৩০ বছর | এইচএসসি সহ মেডিকেল টেকনোলজিতে স্যানিটারী ইন্সপেক্টরশীপ। তবে ৩ বৎসরের কোর্স সম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে ১ বছর বা সমমানের কোর্স সম্পন্নপ্রার্থীকে নিয়োগ করা যাইতে পারে। এই ক্ষেত্রে বেতনক্রম ১০,২০০-২৪,৬৮০ হইবে। |
| ০৩। | অফিস সহায়ক | (গ্রেড-২০) বেতন স্কেল ৮২৫০-২০০১০ | ০২(দুই) টি | ১৮-৩০ বছর | অষ্টম শ্রেনী পাস। |

## শর্তাবলী :

০১। পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হইবে।

০২। আগ্রহী প্রার্থীকে মেয়র, ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী বরাবর নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে লিখিত আবেদন ও লিখিত পরীক্ষার প্রবেশপত্র ফরম সহ আগামী ১৯/০৯/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বিকেল ০৪.০০ টা মধ্যে) সরাসরি/ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হইবে। উক্ত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না। প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনের সঙ্গে প্রার্থীর বর্তমান ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকা মূল্যমানের ডাক টিকিটযুক্ত একটি ফেরত খাম (৯.৫ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি সাইজের) দিতে হইবে।

০৩। আবেদন ফরমের সঙ্গে সদ্য তোলা ৫x৫সেঃমিঃ সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞাতার সনদ (যদি থাকে),সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র বা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, চারিত্রিক সনদ এবং মেয়র, ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী বরাবর ০১ ও ০২ ক্রমিকের জন্য ২০০.০০ (দুইশত) টাকা এবং ০৩ নং ক্রমিকের জন্য ১০০.০০ (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) সংযুক্ত করিতে হইবে।

০৪। আবেদনকারীর বয়স ১৯/০৯/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হইতে হইবে। বীর মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযেদ্ধার পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছরের পর্যন্ত শিথিলযোগ্য। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে,মাননীয় প্রধানমন্ত্রী /মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা / উপদেষ্টা কর্তৃক প্রতি স্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করিতে হইবে। এরুপ সদনপত্র ব্যতিত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে প্রহণযোগ্য হইবে না। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র বা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সনদ পত্র/প্রত্যয়ন পত্র দেখাতে হইবে।

০৬। সকল ক্ষেত্রে সত্যায়নকারী প্রথম শ্রেণীর কর্মকর্তার নাম ও পদবী সম্বলিত সীল ব্যবহার করিতে ইইবে।

০৭। সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে ইইবে এবং মৌখিক পরীক্ষার সময় তা প্রদর্শন করতে হইবে।

০৮। আবেদনপত্র বাছাইয়ের পর যোগ্য প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। লিখিত পরীক্ষার বাইরেও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হইবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি দেওয়া হইবে এবং মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় লিখিত পরীক্ষার প্রবেশপত্র সংঙ্গে আনতে হইবে।

০৯। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় তথ্য যাচাইয়ের জন্য প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি সঙ্গে আনতে হইবে।

১০। প্রার্থী কর্তৃক দাখিলকৃত কোন তথ্য বা কাগপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভূয়া/ক্রটিপূর্ণ প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন/নির্বাচন/নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে বাংলাদেশ প্রচলিত আইনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১১। এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করিতে বাধ্য থাকিবে না।

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল কোটা/সর্বশেষ নীতিমালা/পরিপত্রের নির্দেশনা/বিধি-বিধান ও সার্কুলার অনুসরণ করা হইবে।

১৩। খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে লিখতে হইবে।

১৪। উপযুক্ত প্রার্থীদের লিখিত ও অন্যান্য পরীক্ষার তারিখ, স্থান ও সময় ডাকযোগে জানিয়ে দেওয়া হইবে এবং ভবানীগঞ্জ পৌরসভার নোটিশ বোর্ডে ও ওয়েব সাইটে পাওয়া যাইবে।

১৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাঝা, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি বাতিল বলে গণ্য হইবে।

১৬। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না ।

১৭। প্রয়োজনে এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিবর্ধন এবং বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

১৮। কোন তথ্য গোপন করে ভুল তথ্য বা ভূয়া সনদ প্রদান করে চাকরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করিতে হইবে।

২০। একজন আবেদনকারী একের অধিক পদে আবেদন করিতে পারিবে না।

২১। পৌরসভার জনবল নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত/নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হইবে।

২৭/৮/২৩

(মোঃ আঃ মালেক)
মেয়র
ও
আহবায়ক
কর্মচারী নিয়োগ ও বাছাই কমিটি
ভবানীগঞ্জ পৌরসভা,রাজশাহী

স্মারক নং ঃ- ৪৬.৪৩.৮১১২.০২৫.০৩.০০১.২১-৩৬২(২৭) তারিখ ঃ ২৭-০৮-২০২৩ খ্রিঃ

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হইলঃ- (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)</u>

০১। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার,রাজশাহী।
০৩। জেলা প্রশাসক, রাজশাহী।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা,রাজশাহী সিটি কর্পোরেশন,রাজশাহী
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা,রাজশাহী।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা,রাজশাহী।
০৮। মেয়র/ প্রশাসক , (সকল পৌরসভা),রাজশাহী।
০৯। নির্বাহী প্রকৌশলী, ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী।
১০। সহকারী কমিশনার (ভূমি),বোয়ালিয়া,রাজশাহী।
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা,বাগমারা থানা,রাজশাহী।
১২। কাউন্সিলর (সকল),ভাবানীগঞ্জ,পৌরসভা,রাজশাহী।
১৩। সহকারী প্রকৌশলী, ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী।
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী।
১৫। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আমাদের রাজশাহী, রাজশাহী এবং দৈনিক জনকণ্ঠ, ঢাকা, তাকে স্বল্প পরিসরে ১(এক) দিন সংক্ষিপ্ত আকারে ভিতরের পাতায় প্রকাশ পূর্বক ডিএফপি রেইট সহ অত্র কার্যালয়ে ২(দুই) ফর্দ বিল দাখিলের জন্য অনুরোধ করা হইল।
১৬। অত্রাফিস নোটিশ বোর্ড।

২৭/৮/২৩

(মোঃ আঃ মালেক)
মেয়র
ও
আহবায়ক
কর্মচারী নিয়োগ ও বাছাই কমিটি
ভবানীগঞ্জ পৌরসভা,রাজশাহী